



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

১। ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি

| | | | |
|-----|---|----------|---|
| (ক) | ড্রাফটসম্যান ঃ- টঃ- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১(এক)টি | প্রার্থীকে ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং পাশ হইতে হইবে। প্রার্থীকে অফিস সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর ইংরেজী বাংলায় কম্পিউটারে টাইপিং প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ওয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| (খ) | টেকনিশিয়ান ঃ- টঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫) | ৩(তিন)টি | প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাশ হইতে হইবে। প্রার্থীকে অফিস সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর ইংরেজী বাংলায় কম্পিউটারে টাইপিং প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ওয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| (গ) | মেশিন অপারেটর ঃ- টঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫) | ৩(তিন)টি | প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাশ হইতে হইবে। প্রার্থীকে অফিস সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর ইংরেজী বাংলায় কম্পিউটারে টাইপিং প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ওয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| (ঘ) | ওয়ার্কসপ সহকারী ঃ- টঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫) | ১(এক)টি | প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাশ হইতে হইবে। প্রার্থীকে অফিস সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর ইংরেজী বাংলায় কম্পিউটারে টাইপিং প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ওয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| (ঙ) | গাড়ী চালক ঃ- টঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫) | ১(এক)টি | প্রার্থীকে ন্যূনতম এস.এস.সি পাশ হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই এস.এস.সি সার্টিফিকেট অনুযায়ী ১৮(আঠার) বৎসর পূর্ণ হইতে হইবে এবং সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইতে পারে। |

২। ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ

| | | |
|---|-----------|---|
| ষ্টোর কিপার টঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১ (এক) টি | প্রার্থীকে স্নাতক/সমমানের পরীক্ষা পাশসহ কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ওয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
|---|-----------|---|

৩। রেজিস্ট্রারের অফিস (ব্যক্তিগত শাখা)

| | | |
|---|-----------|---|
| ড্রাইভার (কর্মকর্তার এল.পি.আর কালীন পদের বিপরীতে) মাস্টার রোলে (No Work No pay) ভিত্তিতে দৈনিক ৫০০/- টাকা হারে | ১ (এক) টি | প্রার্থীকে ন্যূনতম এস.এস.সি/ এইচ.এস.সি/স্নাতক পাশসহ বি.আর.টিএ-এর লাইসেন্সধারী হইতে হইবে। ড্রাইভার হিসাবে অধিকতর যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে উপরের যে কোন একটি শর্ত শিথিল করা যাইতে পারে। |
|---|-----------|---|

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ৩০-০৮-২০১৮ খ্রিষ্টাব্দ /১৫-০৫-১৪২৫ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র পরিচালক, ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি-এর অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র চেয়ারম্যান, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ-এর অফিসে এবং ক্রমিক-৩ এর আবেদনপত্র রেজিস্ট্রারের অফিসে পৌছাইতে হইবে।

ঢাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।